



জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ

রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের  
অনুষ্ঠান নীতিমালা  
এবং  
বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধি

শুধুমাত্র দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য

## জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ

নং এনবিএ (চেয়ারম্যান)/০৩/৮৫

জানুয়ারী ১, ১৯৮৬

রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান নীতিমালা এবং বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধি মুদ্রিত আকারে তথ্য মন্ত্রণালয়ের স্মারকলিপি নম্বর এম/আই/৬ এফ-১/৮৪-টিভি (অংশ)/৭২৬৮৮, তারিখ ২৮-১২-১৯৮৫ মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরিত হলো।

এই নীতিমালা এবং সেন্সর-বিধি ১লা জানুয়ারী, ১৯৮৬ থেকে চালু হবে।

সাইফুল বারী  
চেয়ারম্যান

# রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান নীতিমালা

শক্তিশালী গণসংযোগ মাধ্যম হিসাবে রেডিও এবং টেলিভিশনের দায়িত্ব অপরিসীম। তথ্য পরিবেশন, শিক্ষা প্রসার, উন্নয়নমূলক কর্মকাণ্ডে সকলকে উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দদান— এই চারটি ব্যাপার হবে অনুষ্ঠান প্রচারের মূল লক্ষ্য। এই চারটি মূল লক্ষ্যের ভিত্তিতে বিভিন্ন অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশন নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবে :

- ১- রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং বাংলাদেশ সরকারের রাষ্ট্রীয় আদর্শ ও নীতিমালার ওপর ভিত্তি করে অনুষ্ঠান রচনা করতে হবে।
- ২- বাংলাদেশের রাষ্ট্রীয় নীতি সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত/অবহিত করে তাদেরকে রাজনৈতিক, রাষ্ট্রীয়, সামাজিক ও সর্বোপরি দেশপ্রেমের চেতনাসম্পন্ন দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তোলার বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৩- বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষা, রাজনৈতিক স্থিতিশীলতা ও অর্থনৈতিক উন্নতির জন্য বাংলাদেশী জাতীয়তাবাদের প্রকাশ ও বিকাশ সাধন করতে হবে।
- ৪- দেশী সংস্কৃতির অগ্রগতির জন্য বাংলাদেশের আবহমান নিজস্ব মুসলিম সংস্কৃতি, ঐতিহ্য ও ভাবধারার প্রতিফলন, বাংলাদেশী সংস্কৃতির সঙ্গে জনসাধারণের নিবিড় যোগসূত্র স্থাপন এবং বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক ধারাকে বাংলাদেশী জাতীয়তাবাদ ও দেশপ্রেমের আদর্শে অনুপ্রাণিত করে বাংলাদেশ সংস্কৃতির সুষ্ঠু প্রতিফলন ও পরিবর্ধনের চেষ্টা করতে হবে।
- ৫- সকল ধর্মীয় অনুভূতির প্রতি পূর্ণ শ্রদ্ধা প্রদর্শন করতে হবে। কোন জাতি, ধর্ম, সম্প্রদায় বা ব্যক্তি বিশেষের প্রতি কোনরূপ অবমাননা, শ্লেষ, কটাক্ষ বা সমালোচনা করা যাবে না এবং সাম্প্রদায়িকতা পরিহার করতে হবে।
- ৬- উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ, বিশেষ করে স্বেচ্ছাভিত্তিক অংশগ্রহণ জনসাধারণকে উদ্বুদ্ধকরণ এবং এই লক্ষ্যের বাস্তবায়নে আলোচনা অনুষ্ঠান ও উন্নয়নমূলক প্রকল্পের ওপর যথাসম্ভব সচিৎ প্রতিবেদন উপস্থাপিত করতে হবে। শ্রমের মর্যাদা ও কায়িক পরিশ্রমের প্রয়োজনীয়তা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার প্রচেষ্টা চালাতে হবে। ব্যক্তিগত ও সামাজিক কল্যাণ এবং অর্থনৈতিক উন্নতির জন্য নিজ হাতে কাজ করা যে অবমাননাকর নয় এবং এজন্য কোন পেশা বা বৃত্তি যে হয় নয়, অনুষ্ঠানের মাধ্যমে তা ফুটিয়ে তুলতে হবে।
- ৭- সাংস্কৃতিক ও চিন্তাবিনোদনমূলক অনুষ্ঠানের সঠিক মূল্যায়ন করে শ্রোতা-দর্শকদের নির্মল আনন্দ পরিবেশনের প্রচেষ্টা চালাতে হবে। বাংলাদেশী সংস্কৃতির সমৃদ্ধির জন্য বিভিন্ন অনুষ্ঠানে দেশের প্রত্যন্ত অঞ্চলের শিল্প ও শিল্পীদের অনুসন্ধান ও

আবিস্কার করে তাদেরকে অনুপ্রাণিত করতে হবে এবং জনসমক্ষে তুলে ধরতে হবে।

- ৮- বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার যোগ্য মর্যাদায় সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের এবং এই উদ্দেশ্যে সঠিক বাংলা উচ্চারণের একটি আদর্শ মান স্থাপনের চেষ্টা করতে হবে। সংবাদ পাঠ ও অনুষ্ঠান ঘোষণার ক্ষেত্রে কোনক্রমেই উচ্চারণের মান শিথিল করা যাবে না।
- ৯- রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান মূলতঃ বাংলায় প্রচার করা হবে। সামগ্রিক অনুষ্ঠান নীতিমালার সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে সংবাদ, বিদেশী ছায়াছবি ও সংগীত প্রচারিত হবে এবং বিনিময়-অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে প্রয়োজনবোধে এই নীতি শিথিল করা যাবে।
- ১০- নাটক, লোক-সংস্কৃতিমূলক ও অন্যান্য অনুষ্ঠানের প্রয়োজনে আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে, তবে কোনক্রমেই কোন অঞ্চলের প্রতি কটাক্ষ করার জন্য আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে না।
- ১১- কৃষি ও শিল্প ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি এবং দেশকে স্বনির্ভর করে গড়ে তোলার আন্দোলনে জনসাধারণকে অনুপ্রাণিত করতে হবে। বিশেষ করে কৃষক, শ্রমিক ও অন্যান্য কর্মীদেরকে গুরুত্বপূর্ণ ভূমিকা ও দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করতে হবে।
- ১২- জনসংখ্যা বৃদ্ধির ভয়াবহতা সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জনগণকে সদা সচেতন রাখতে ও এ সম্পর্কে কার্যকর ব্যবস্থা গ্রহণে তাদেরকে আগ্রহী করে তুলতে হবে। শালীনতা, রুচি ও দেশীয় কৃষ্টির প্রতি যথেষ্ট দৃষ্টি রেখে জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম প্রচার করা হবে।
- ১৩- দেশের প্রতিটি নিরক্ষর মানুষকে সাক্ষর হতে সচেতন ও আগ্রহী করার জন্যে অনুষ্ঠান রচনা ও প্রচার করা হবে।
- ১৪- জনসাধারণকে দেশের শিল্পের উন্নয়নের ও দেশের প্রযুক্তি উদ্ভাবনে উদ্বুদ্ধ করে তুলতে হবে।
- ১৫- যুব সম্প্রদায়ের সৃজনশীল চিন্তাধারা ও শক্তিকে কর্মক্ষেত্রে নিয়োগের পথ নির্দেশ দিতে হবে এবং তাদের সমস্যা সমাধানের ফলপ্রসূ ইতিবাচক প্রদান করতে হবে।
- ১৬- রাজনৈতিক, অর্থনৈতিক, ধর্মীয় তথা সমাজ জীবনের সর্বক্ষেত্রে পুরুষের পাশাপাশি মহিলাদের সমমর্যাদা ও সক্রিয় অংশগ্রহণের লক্ষ্যে অনুষ্ঠানের মাধ্যমে মহিলা সমাজকে উদ্বুদ্ধ করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেন মহিলা সমাজ আমাদের জাতিকে প্রত্যয়দীপ্ত রাখার ব্যাপারে সত্যিকারের অর্থপূর্ণ ভূমিকা পালন করতে পারে।
- ১৭- শিশুদের সৌজন্য শিক্ষা, পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, ধর্ম, সমাজ ও জাতীয় জীবনের এবং বিশেষ করে ইসলামের মহাপুরুষদের আদর্শের প্রতি আকৃষ্ট করে তুলতে হবে। ছোটদের অনুষ্ঠানে ভাই-বোন, পিতা-মাতা, বায়োজ্যেষ্ঠ ও প্রতিবেশীদের সাথে শ্রদ্ধা, সৌহার্দ্য ও সহযোগিতামূলক সম্পর্কের প্রতিফলনকে প্রাধান্য দেওয়া হবে। ছোটদের অনুষ্ঠানে পরনিন্দা, বিবাদ, কলহের দৃশ্য পরিহার করত হবে। দেশপ্রেম ও



চরিত্র গঠনের সুশিক্ষা প্রদানের দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

- ১৮- নৈতিকতাবোধের উন্নয়ন, সামাজিক কুসংস্কার থেকে মুক্তি এবং সমাজ বিরোধী কার্যকলাপ অবদমনের দায়িত্ব পালন করার লক্ষ্যে সকল প্রকার দুর্নীতি দমন ও সমাধানের সুস্পষ্ট ইংগিত করতে হবে।
- ১৯- অনুষ্ঠানে কোন প্রকার অশোভন উক্তি উচ্চারণ করা যাবে না।
- ২০- অনুষ্ঠানে সরাসরি বা বিজ্ঞাপনের মাধ্যমে কোন রাজনৈতিক দলের বক্তব্য বা মতামত প্রচার করা যাবে না।
- ২১- জাতীয় সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল কর্মচারী এবং জনসাধারণকে দায়িত্বশীল হওয়ার জন্য সচেতন করে তুলতে হবে।
- ২২- জাতীয় সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল কর্মচারী এবং জনসাধারণকে দায়িত্বশীল হওয়ার জন্য সচেতন করে তুলতে হবে।
- ২৩- আইনের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের মনোভাব জাগরুক করে তুলতে হবে।
- ২৪- কোন মানুষ বা প্রাণী নির্যাতনের দৃশ্য অনুষ্ঠানে প্রচার করা যাবে না। নাটকের প্রযোজনে বিশেষ ক্ষেত্রে এই নীতি শিথিল করা যেতে পারে।
- ২৫- অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ও সর্বজন স্বীকৃত মুক্তিযোদ্ধাদের ভূমিকা গৌরবান্বিত করতে হবে।
- ২৬- দেশী ও বিদেশী ছবি/অনুষ্ঠানে অশ্লীল চুম্বনের দৃশ্য সর্বতোভাবে পরিহার করতে হবে। হিংসাত্মক, সন্ত্রাসমূলক এবং আমাদের সাংস্কৃতিক মূল্যবোধের পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না।
- ২৭- বিজ্ঞাপনে প্রদত্ত পণ্যের উৎকর্ষ প্রচার করতে গিয়ে অন্য কোন পণ্যকে হেয় করা যাবে না। বিজ্ঞাপনে কোন অশ্লীল বা অশোভন দৃশ্য বা উক্তি থাকতে পারবে না।

## বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধি

বাংলাদেশ টেলিভিশনের দর্শকরা প্রধানতঃ পরিবারের সদস্যবৃন্দ যাদের মধ্যে বয়সের তারতম্য আছে। দর্শকদের মধ্যে শিশু-কিশোর, তরুণ-তরুণী আছে যাদের ওপর টিভির অনুষ্ঠানসমূহ গভীর রেখাপাত করে। যেহেতু পরিবারের বিভিন্ন বয়োগোষ্ঠীর সদস্যবৃন্দ যুগপৎভাবে অনুষ্ঠান দেখেন, সেহেতু তাদের ওপর রেখাপাতের মাত্রারও হেরফের ঘটে। টিভির অনুষ্ঠানসমূহ বাংলাদেশের সামাজিক, সাংস্কৃতিক, ভৌগোলিক ও রাজনৈতিক ঐতিহ্য ও মূল্যবোধের সঙ্গে সংগতিপূর্ণ কি না সেগুলিও বিচার বিবেচনা করে দেখতে হবে।

- ১। এসব বিবেচনার কথা মনে রেখেই প্রতিটি চলচ্চিত্রের নিজস্ব উৎকর্ষ-অপকর্ষের ভিত্তিতেই সংশ্লিষ্ট চলচ্চিত্রের বিচার-বিবেচনা করতে হবে।
- (ক) যে সব চলচ্চিত্র দর্শকদের নৈতিক মানের অবনতি ঘটাতে পারে কিংবা অপরাধ, অপকর্ম, অশুভ বা পাপকাজে দর্শকদের সহানুভূতি আকর্ষণ করতে

পারে সেগুলোকে হয় অনুমোদন দেয়া যাবে না অথবা সেগুলোকে যথাযথভাবে সেন্সর করতে হবে।

- (খ) কোন দেশ বা জাতির আইন, ধর্মীয় বিশ্বাস ও রীতি, রাজনৈতিক মতবাদ, ঐতিহ্য, ইতিহাস, প্রথা ও আচরণ ইত্যাদিকে উপহাস করা চলবে না।
- (গ) কাহিনীর পুট নির্মাণের জন্যে অত্যাব্যশ্যকীয় হলেও অপরাধ, অপকর্ম বা অবিশ্বাস্যকারিতার উপস্থাপন করা যাবে না যাতে অপরাধকর্মের প্রতি দর্শকদের সহানুভূতি জন্মে অথবা ঐ অপরাধ অনুকরণের ইচ্ছায় অন্যকে অনুপ্রাণিত করে।
- (ঘ) বিয়ে ও গৃহস্থালীর প্রাতিষ্ঠানিক পবিত্রতা সমুন্নত রাখতে হবে এবং দর্শকদের মধ্যে এমন ধারণার সৃষ্টি হবে না যাতে ইতর পর্যায়ের যৌন সম্পর্কে সচরাচর ও স্বাভাবিক বিষয় বলে মনে করা হয়।
- (ঙ) দর্শকদের সৎবেদনশীলতার প্রতি লক্ষ্য রেখে সূরুচির ভিত্তিতে সংশ্লিষ্ট চলচ্চিত্রের বিচার বিশ্লেষণ করতে হবে। সংলাপ, অংগভংগী, ইংগিত, গান অথবা হাসি-তামাশার মধ্যে অশ্লীলতা থাকবে না।
- (চ) নগ্নতা, নগ্নছায়ামূর্তি, বস্ত্র উন্মোচন দৃশ্য, অথবা দেহপ্রদর্শন, অশোভন অংগভংগী, নৃত্য, যৌনক্রিয়ার ঈর্জিতসূচক বা প্রতীকী নাচ অথবা অশোভন প্রবৃত্তিমূলক কোন কিছু দেখানো যাবে না।
- (ছ) গভীর রাতে প্রদর্শনের জন্যে নির্ধারিত চলচ্চিত্রগুলো শুধুমাত্র বয়স্কদের উপযোগী করে নির্মিত এবং সে অনুসারে কিছু ছাড় দেয়া যেতে পারে তবে সেখানেও সেন্সর-বিধির চেতনা অবশ্যই সমুন্নত রাখতে হবে।
- ২। উল্লিখিত বিষয়ের আলোকে, নিম্নলিখিত উপাদান থাকলে টিভিতে প্রদর্শনের জন্য চলচ্চিত্র অনুপযুক্ত বলে বিবেচিত হবে :
- (ক) জাতীয় আদর্শ বা উদ্দেশ্যের প্রতি কোন প্রকার ব্যঙ্গ বা বিদ্রূপ,
- (খ) বাংলাদেশ বা বাংলাদেশের জনগণের প্রতি অবমাননা বা ব্যঙ্গ কিংবা বাংলাদেশের জনগণের জাতীয় চরিত্রের প্রতি কটাক্ষ অথবা একটি স্বাধীন রাষ্ট্র হিসাবে বাংলাদেশের অখণ্ডতা বা সংহতি ক্ষুণ্ণ হতে পারে এমন প্রবণতা,
- (গ) বিচ্ছিন্নতা বা অসন্তোষের সৃষ্টির জন্য জাতি বা শ্রেণী বিদ্বেষ প্রচার,
- (ঘ) রাষ্ট্রের নিরাপত্তা বিপন্ন করতে পারে এমন ধরনের সামরিক বা সরকারী গোপন তথ্য ফাঁস,
- (ঙ) আইন-শৃঙ্খলা ভঙ্গ এবং আইন-শৃঙ্খলা ভঙ্গের প্রতি সহানুভূতি সৃষ্টি,
- (চ) সশস্ত্র বাহিনী/পুলিশ বাহিনী অথবা দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত দায়িত্বশীল অন্য কোন বাহিনীর প্রতি কটাক্ষ, বিদ্রূপ বা অবমাননা,
- (ছ) কোন বিদেশী রাষ্ট্রের অনুকূলে এমন ধরনের প্রচারণা যা বাংলাদেশ ও সংশ্লিষ্ট দেশের মধ্যে বিরোধের কোন একটি বিষয়কে প্রভাবিত করতে পারে কিংবা একটি বন্ধুভাবাপন্ন বিদেশী রাষ্ট্রের বিরুদ্ধে এমন ধরনের প্রচারণা যার ফলে সেই

রাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার সুসম্পর্ক ক্ষতি হওয়ার আশংকা আছে,

- (জ) কোন জনগোষ্ঠী, জাতি বা দেশের মর্যাদা বা ইতিহাসের ক্ষতিকর ঘটনা/দৃশ্য বিন্যাস,
  - (ঝ) ঐতিহাসিক তথ্যের বিকৃতি,
  - (ঞ) কোন ধর্মের প্রতি বিদ্রোহ, অবমাননা বা আক্রমণ,
  - (ট) বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়, বর্ণ বা মতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি,
  - (ঠ) নৈতিকতা বিবর্জিত কার্যকলাপের কথিত অনুমোদন,
  - (ড) সাধারণভাবে গ্রাহ্য শালীনতার আদর্শের অবমাননা,
  - (ঢ) দুষ্ট এবং নৈতিকতা বর্জিত চরিত্রের প্রতি সহানুভূতি বা প্রশংসা,
  - (ণ) হীন উপায়ে মহৎ উদ্দেশ্য অর্জনের প্রতি যুক্তি প্রদর্শন,
  - (ত) সামাজিক অনুষ্ঠান হিসাবে বিয়ের পবিত্রতা ক্ষুণ্ণ করার প্রয়াস,
  - (থ) ধর্ষণ, ব্যাভিচার, মহিলাদের ওপর অপরাধমূলক আক্রমণ, নারী ও শিশুদের নিয়ে অবৈধ ব্যবসা, উত্ত্যক্তকরণ, পতিতাবৃত্তি এবং দালালী,
  - (দ) কামুক বা অশোভন দেহভঙ্গী,
  - (ধ) নৈতিক মান অনুযায়ী গ্রাহ্য শয্যাদৃশ্যের বহির্গত কোন দৃশ্য সংযোজন,
  - (প) শারীরিক নিগ্রহ অথবা মাত্রাতিরিক্ত প্রসব বেদনা প্রদর্শন,
  - (ফ) যৌন ব্যাধি, অতিমাত্রায় রক্তক্ষরণ, জখম ও ছেদন ইত্যাদি দৃশ্য,
  - (ব) সত্যিকার ফাঁসিতে লটকানো বা বীভৎস হত্যাকাণ্ড, শ্বাসরোধ করে হত্যা এবং আত্মহত্যার দৃশ্য প্রদর্শন,
  - (ভ) অপরাধীদের কার্যকলাপের কৌশল প্রদর্শন যা অপরাধ সংঘটনের ক্ষেত্রে নতুন পদ্ধতি প্রবর্তনে সহায়ক হতে পারে,
  - (য) অপরাধের নিদর্শন, অনির্ভর্য অথবা অপরাধীদের দণ্ডবিধির নিয়োজিত সরঞ্জাম।
- কর্মকর্তাদের হাস্যস্পদ করে তাদের ভাবমূর্তি বিনষ্ট করে এমন দৃশ্য প্রদর্শন।

**বিশেষ দ্রষ্টব্য :** যদি কোন ছবি বা চলচ্চিত্র জনসাধারণকে অপরাধে প্ররোচিত করে বলে সাধারণ ধারণার জন্ম নেয় তাহলে সে ছবি বা চলচ্চিত্রকে সার্টিফিকেট দেয়া চলবে না যদিও তাতে এটা দেখানো হয় যে অপরাধীরা তাদের দণ্ডের জন্যে দণ্ডিত হয়েছে।

- ৩। একটি চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করা কিংবা ঐ চলচ্চিত্রের কোন একটি অংশ বা কয়েকটি অংশ ছেঁটে দিয়ে সেটিকে সাধারণ প্রদর্শনীর উপযুক্ত করা হলে সেটিকে শুধুমাত্র গভীর রাতে প্রদর্শনের যোগ্য বলে সার্টিফিকেট দেয়াই উদ্দেশ্য নয়। সেন্সর-বিধির আওতাধীন শর্তাবলীর অধীনে যথাযথ ছাঁটাইয়ের পরও যদি কোন চলচ্চিত্রকে জনপ্রদর্শনীর উপযুক্ত করে তোলা সম্ভব না হয় তা হলে সেক্ষেত্রেই শুধু চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করার ব্যবস্থা অবলম্বন করা হবে।



## বাংলাদেশ টেলিভিশনে বিদেশী ছায়াছবি নির্বাচনের নীতিমালা

বিটিভি/প্রশাসন-৩/১৯-১

তারিখ : ২৫-১০-৯৪ বাং  
৮-২-৮৮ ইং

তথ্য মন্ত্রণালয়ের ১৮-৯-৯৪ বাং /৩-১-৮৮ ইং তারিখ তম / ৫ এফ-২/৮৫-  
টিভি/১০ সংখ্যক স্মারকলিপি মোতাবেক জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ টেলিভিশন  
অনুবিভাগের বিদেশী ছায়াছবি নির্বাচনের নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতি ও  
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরিত হলো।

সাইফুল বারী

চেয়ারম্যান



## বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারের উদ্দেশ্যে বিদেশী ছবি নির্বাচনের নীতিমালা

বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শনের নিমিত্তে বিদেশী ছবি নির্বাচনের জন্য নিম্নে উল্লিখিত নীতিমালা অনুসরণ করা হবে :-

- ১। বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান নীতিমালা এবং বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধির সংগে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- ২। সংশ্লিষ্ট ছবি দেশের সংবিধান বা রাষ্ট্রীয় মূলনীতির সাথে এবং বাংলাদেশের সামাজিক, ধর্মীয়, সাংস্কৃতিক, ভৌগোলিক ও রাজনৈতিক ঐতিহ্য ও মূল্যবোধের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
- ৩। চলচ্চিত্র এমন হওয়া উচিত যা দর্শকদের নৈতিক মানের উন্নতি ঘটাতে পারে এবং হিংসা, বিদ্বেষ, অপরাধ, অশুভ বা পাপ কাজ থেকে তাদেরকে বিরত থাকতে উৎসাহিত করে বা এসব কাজের কৌশল সম্বন্ধে জ্ঞান না দেয়।
- ৪। সামাজিক মূল্যবোধের নিরিখে তৈরী ছবি হতে হবে।
- ৫। ভৌতিক/অলৌকিক কর্মকাণ্ডের দ্বারা প্রভাবান্বিত ছবি যা দর্শকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে বিশেষ করে শিশু-কিশোরদের ব্যক্তিত্ব বিকাশে বাধার সৃষ্টি করতে পারে তা গ্রহণযোগ্য হবে না।
- ৬। ছবির কাহিনী, ঘটনা বিন্যাস এবং সংলাপ এমন হওয়া উচিত যাতে শিশু-কিশোরদের মনে অপরাধ প্রবণতা না জন্মায় বা তাদের ওপর কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি না করে।

## GUIDELINES FOR RADIO AND TELEVISION PROGRAMMES

The responsibilities of Radio and Television as powerful mass media are enormous. The basic objective of broadcasting and telecasting are four-fold: dissemination of information, extension of education, motivation for development activities and entertainment. For realisation of these objectives, Radio Bangladesh and Bangladesh Television will follow the undermentioned guidelines in formulation of their programmes:

1. Programmes shall be formulated on the basis of the State policies and the Principles of the Govt. of Bangladesh.
2. Realistic steps shall be taken to make the people of Bangladesh responsible citizens imbued with political, State, social policies and principles of the Government of Bangladesh and above all with patriotism.
3. There shall be expression and development of Bangladeshi nationalism for defending the sovereignty of Bangladesh, for political stability and also for economic development.
4. Efforts shall be made to reflect the country's traditional and own Muslim culture, heritage and ideologies for the development of Bangladeshi culture, establishment of intimate relationship of the people with Bangladeshi culture by inspiring various regional cultural trends with the ideals of Bangladeshi nationalism and patriotism.
5. Full respect shall be shown to all religious feelings. There shall not be any humiliation, sarcasm, aspersion or criticism against any people, religion, sect or individual. Communalism must be avoided.
6. As far as practicable, there shall be pictorial presentation of people's participation in development activities, especially voluntary participation and motivation of the people in such programmes. To achieve this end, discussion programmes with pictorial presentation shall be arranged. Efforts shall be made to imbibe the people about the dignity of labour and utility of physical labour. It should be reflected through programmes that it is neither disrespectful to work with

of industries in the country and that of indigenous technologies.

15. Encouragement shall be given for utilizing the creative thinking and powers of the youth and indications should be given for solving their problems.
16. Positive steps should be taken through programmes to imbibe the womenfolk for equal and active participation along their counterparts in all spheres of life like politics, economic and religious fields so that they can play a real meaningful role in nation building activities.
17. Children shall be given proper training to be courteous. They shall be taught cleanliness and made interested in religion, social affairs and national life and specially the ideals of the great personalities of Islam. In the programmes for the minor children a sense of respect, co-operation and goodwill towards parents and elders, family members and the neighbours shall be prominently reflected. Calumny, dispute and scene of quarrels shall be avoided in the programmes for the children.
18. Corruptions in all forms must be eradicated and clear remedial measures must be identified with a view to heightening the moral values and removing all forms of anti-social activities.
19. No indecent utterances should be broadcast or telecast in the programmes.
20. No views or opinion of any political nature should be propagated directly or indirectly or through advertisements in the programmes.
21. The programme shall be designed to reflect honesty, loyalty, discipline, patriotism, frugality and civic responsibilities in the individual, family and social life.
22. All concerned employees and members of the public shall be made conscious of their responsibilities in the maintenance and the preservation of national properties.
23. Sense of respect for law shall be imbued among the people.
24. No programme showing cruelty to human being or animal shall be projected. This may be relaxed in the case of dramas with due moderation.



25. The role of the freedom-fighters in the liberation war should be glorified in the programmes.
26. Vulgar scenes and kiss shall be totally avoided in all films and programmes, whether national or foreign. No programme of violence and terrorism or anything against our cultural values shall be projected.
27. White publicising the quality of any commodity in any advertisement no other commodity shall be undermined. The advertisement must not contain nay indecent and obscene scene or utterance.

### **Bangaldesh Television Film Censor Guidelines and Rules**

Viewers of Bangladesh Television are mainly members of a family of different age-groups. Amongst the viewers there are children, juveniles and youths on whom TV programmes leave deep impression. Since the viewers are of different age groups, impact on them varies. Evaluation is to be made whether the Television programmes are compatible with the social, cultural, geographical and political traditions and values of Bangladesh.

1. Keeping in view these considerations each film is to be judged on its own merits.
  - a) Film which are likely to degrade the moral value of viewers, create admiration of the viewers towards crime, heinous deeds and sin will either not be recommended at all or suitably censored.
  - b) Law, religious belief, custom, political ideology, tradition, history, hertiage of no country shall be belittled.
  - c) Act of crime, misdeed or hot-headedness that are likely to create sympathy in the mind of viewers shall not be incorporated in the plot even though these may be absolutely necessary for its development.
  - d) Institution of marriage, domestic sanctity shall be held high and viewers must not have the feeling that sexual relationship of vulgar nature is acceptable and normal.
  - e) Films are to be judged keeping in view the finer feeling of the viewers. There must not be any vulgarity in dialogues or physical postures.



- f) Nakedness, naked shadow of human beings, taking off clothes, vulgar physical postures, naked sexual acts, suggestive or symbolic dance or vulgar desire shall not be shown.
  - g) Films for late night showings are earmarked for adults only. Keeping this mind some concessions may be given but in that case also essence of censor guidelines must be kept in mind.
2. In view of the rules mentioned above film shall not be considered suitable for the Television screening if it contains the following elements:
- a) Ridicule national ideology or ambition,
  - b) Insult or ridicule Bangladesh or people of Bangladesh, or cast aspersions on the national traits of the people of Bangladesh or any tendency that may harm solidarity or integration of Bangladesh as an independent state,
  - c) Malpropaganda against any race or class with a view to encouraging disintegration or unrest,
  - d) Exposure of military or government secret information that may endanger security of the state,
  - e) Sympathetic attitude towards breaking law or encourage sympathy towards, breaking law,
  - f) Aspersions on armed forces/police or any other forces deputed for maintenance of law and order in the country,
  - g) Any publicity in favour of any state that may influence any dispute between Bangladesh and that state or any publicity that may damage friendly relationship between Bangladesh and that country,
  - h) Scenes detrimental to the prestige and history of any particular sect, race or country,
  - i) Distortion of historical fact,
  - j) Ridicule, insult or attack on any religion,
  - k) Creation of disharmony or hatred between different religious groups, caste or sect,
  - l) Approval of immoral activities.
  - m) Insult to generally accepted moral values,
  - n) Sympathy to or eulogy of wicked or immoral character,

- o) Arguments in favour of attaining great things by evil design,
- p) Attempt to degrade the sanctity of marriage as a social institution,
- q) Rape, immoral sexual act, criminal assault on women, illegal trafficking of women and children, teasing, prostitution and pimping,
- r) Alluring or obscene physical posture,
- s) Addition of any bed-scene other than morally accepted ones,
- t) Scene containing excessive horror, torture,
- u) Scene of physical torture or excessive labour pain,
- v) Sexual disease, excessive blood spilling injury and inflicting deep injury,
- w) Real scene of hanging, gruesome murder, killing by strangulation and suicide,
- x) Scenes that may encourage commissioning of crime in innovative design,
- y) Scenes ridiculing or tarnishing the image of Government official engaged in curbing or detecting acts of crime.

NB. If a film is deemed to have encouraged people to commit crime, it will not be given certificate even though in that film it may be seen that the criminals have been punished in the end.

3. The intention of issuing certificate for late night showing is not to ban a film as a whole or a part or some part of the film. If the film remains unsuitable for screening even after deleting portions properly, the film will be banned as a whole.

### **Guidelines regarding selection of foreign films for telecast on Bangladesh Television**

Bangladesh Television will follow the guidelines as under in regard to selection of foreign films telecast.

1. Films have to be consistent with the programme policy of Bangladesh Television and the Bangladesh Television film censor codes.
2. Concerned films should be in conformity with the Constitution of the country and the fundamental principles of the State and its social, religious, cultural,

geographical, political and traditional values.

3. Films should bear such contents as will help in developing moral standard of the viewers and encourage them to refrain from violence, hatred, crime, misdeeds or influence them to indulge in moral turpitude.
4. Films should be based on social values.
5. Films influenced by ghastly/miraculous sequences which create adverse reaction among the viewers and particularly hampers personality development of the children will not be acceptable.
6. Plot, episodes and dialogue of the films should be such that they do not give rise to the tendency of juvenile delinquency or create adverse reaction on the minds of the children.